আজ শিশু রামিসা হত্যা মামলার রায়



সংগৃহীত ছবি

রাজধানীর পল্লবীতে আট বছরের শিশু রামিসাকে ধর্ষণের পর গলা কেটে হত্যার ঘটনায় দায়ের করা মামলার রায় আজ রোববার (৭ জুন) ঘোষণা করবেন আদালত। ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীন এ রায় দেবেন।

মামলার দুই আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়েছে বলে দাবি করেছে রাষ্ট্রপক্ষ। বিশেষ পাবলিক প্রসিকিউটর আজিজুর রহমান বলেন, সাক্ষ্য-প্রমাণে তাদের সম্পৃক্ততা স্পষ্ট হয়েছে এবং রাষ্ট্রপক্ষ আসামিদের সর্বোচ্চ শাস্তি প্রত্যাশা করছে।

মামলার তথ্য অনুযায়ী, গত ১৯ মে সকালে দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী রামিসাকে কৌশলে নিজেদের কক্ষে নিয়ে যায় আসামিরা। পরে শিশুটিকে খুঁজতে গিয়ে তার বাবা-মা আসামিদের কক্ষের সামনে জুতা দেখতে পান। দরজা ভেঙে ভেতরে ঢুকে তারা রামিসার মরদেহ উদ্ধার করেন।

ঘটনার পর পুলিশ স্বপ্না আক্তারকে আটক করে এবং পরে নারায়ণগঞ্জ থেকে সোহেল রানাকে গ্রেপ্তার করা হয়। পরে আদালতে সোহেল রানা দায় স্বীকার করে জবানবন্দিও দেন।

তদন্ত শেষে পুলিশ আদালতে চার্জশিট জমা দেয়। মামলায় ১৮ জন সাক্ষীর মধ্যে ১৬ জন ট্রাইব্যুনালে সাক্ষ্য দিয়েছেন। গত ১ জুন আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠনের পর বিচারিক কার্যক্রম শেষ হয়।